গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা সহকারী প্রোগ্রামারের
কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর।

উপজেলা আইসিটি কমিটির জানুয়ারী/২০২০ খ্রিঃ মাসের সভা প্রসঙ্গে।


| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনোয়ার পারভেজ<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৯/০১/২০২০ |
| সভার সময় | সকাল ১০ঃ০০ টায়। |
| স্থান | উপজেলা কমপ্লেক্স সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত। |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১.১ | উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের তথ্য | এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিটি দপ্তরের পোর্টাল হালনাগাদ বা অন্য কোন সমস্যা আছে কি না তা যাছাই করার জন্য সহকারী প্রোগ্রামারকে দায়িত্ব প্রদান করা হল। পোর্টাল হালনাগাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থার সিদ্ধান্ত হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার |
| ১.২ | ইউডিসি আয় ও সেবা প্রদানের মূল্য নির্ধারণ | সেবামূল্য তালিকা নির্ধারণের জন্য সদস্য সচিবের কাছে বিস্তারিত তথ্য জানতে চাওয়া হয়। সদস্য সচিব স্থানীয় সরকার নাটোর থেকে নির্ধারিত মূল্য তালিকা তৈরি করেছেন যা সভায় আলোচনা করা হয়। | উদ্যোক্তাগণকে প্রদত্ত সেবা মূল্য তালিকা ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সম্মুখে ঝুলিয়ে রাখার জন্য নির্দেশনা দেওয়া হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ |
| ১.৩ | ই-নথি কার্যক্রম | ই-নথির কার্যক্রম বিষয়ে সভাপতি বলেন যে, সকল দপ্তরে দ্রুত ই-নথি চালু হয়ে যাবে। সদস্য সচিব বলেন, প্রতিটি দপ্তরের অন্তত দুইজন(২) জনকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে ই-নথি কার্যকর হবে। সহকারী কমিশনার(ভূমি)ও ই-নথি প্রশিক্ষণের জন্য মতামত প্রদান করেন। | প্রতিটি দপ্তরের অন্তত দুই জনকে ই-নথি প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার |
| ১.৪ | উপজেলা উদ্যোক্তাদের তথ্য | সভায় ইউডিসি উদ্যোক্তাদের তথ্য উপস্থাপন করে দেখা যায় মাত্র ২টি ইউডিসিতে মহিলা উদ্যোক্তা রয়েছে।মহিলা উদ্যোক্তা কেন নেই তা নিয়ে সভায় আলোচনা হয়। | সদস্য সচিবকে উদ্যোক্তা তালিকা তৈরি করার জন্য সভাপতি নির্দেশ দেন এবং দ্রুত মহিলা উদ্যোক্তা নিয়োগের সিদ্ধান্ত প্রদান করেন। | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | পরিদর্শন চলমান রয়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন কার্যক্রম চলমান থাকায় ল্যাব ক্লাশ বন্ধ রাখা আছে সেগুলো নিয়ে আলোচনা করা হয়। এছাড়া মৌখাড়া টেকনিক্যাল বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি এন্ড বিএম কলেজ থেকে ল্যাব অপসারণের বিষয় নিয়েও আলোচনা হয়। এছাড়া অন্যান্য ল্যাব ঠিকমত চলমান রয়েছে বলে জানান সহকারী প্রোগ্রামার। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব কার্যক্রম যেন ব্যাহত না হয় তার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ১.৬ | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরী | এখনো সকল শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরি সম্পন্ন হয়নি। যে সকল প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরি হয়নি তারা সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগ করার কথা থাকলেও যোগাযোগ করে না। সভায় সভাপতি মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট জানতে চান শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ওয়েব সাইট সংক্রান্ত চিঠি প্রদান হয়েছে কিনা।মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, একাধিকবার সেসকল প্রতিষ্ঠানে চিঠি প্রদান করা হয়েছে। | সভাপতি মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্ধারিত তারিখের মধ্যে দ্রুত ওয়েব সাইটের কাজ শেষ করার জন্য পূণরায় চিঠি প্রদানের নির্দেশনা প্রদান করেন। | মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ১.৭ | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | মাল্টিমিডিয়া ক্লাশরুমের ব্যবহার নিয়ে মাধ্যমিক শিক্ষা অফিসার সহ অন্যান্য সদস্যবৃন্দ আলোচনা করেন। | মাল্টিমিডিয়া ক্লাশ ব্যবহার বৃদ্ধির জন্য শিক্ষা অফিসারদ্বয়কে নির্দেশনা প্রদান করেন সভাপতি। | শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১.৮ | কল সেন্টার (৩৩৩,৯৯৯, ১০৪,১০৬) | সভায় সভাপতি বলেন যে, উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে কল সেন্টারসমূহের সুবিধার বিষয়ে শিক্ষার্থীদের মাঝে ব্যাপক প্রচারণা চালাতে হবে। সদস্য সচিব উল্লেখ করেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে যদি তাদের নিজস্ব ওয়েব সাইট,সিলেবাস,নির্দেশিকা ও প্রবেশ পত্রে কল সেন্টার সংক্রান্ত নম্বর ছাপানো থাকে তবে প্রচারণা আরো কার্যকর হবে। | সভাপতি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে এই সংক্রান্ত চিঠি দিতে মাধ্যমিক শিক্ষা অফিসারকে দায়িত্ব প্রদান করেন। | সকল অফিসার |
| ১.৯ | ইনোভেশন | সভায় সভাপতি বলেন যে, দাপ্তরিক কাজ সরল ও সহজীকরণ করার নতুন প্রক্রিয়া যদি থাকে তাহলে সেটা ইনোভেটিভ কাজ বলে গণ্য হবে ।উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, তাদের ইতিমধ্যে একটি ইনোভেটিভ কাজ পাইলোটিং চলছে। | নিজ নিজ দপ্তর কে ইনোভেটিভ কাজ করার জন্য সহযোগীতা করার সিদ্ধান্ত হয়। | সকল অফিসার |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।



মোঃ আনোয়ার পারভেজ
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৬৯১৫.০০০.১৬.০০১.১৯-০৯

তারিখ: ২১ মাঘ ১৪২৬
০৪ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, নাটোর-৪

২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।

৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নাটোর

৫) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস,বড়াইগ্রাম ,নাটোর

৬) উপজেলা........................কর্মকর্তা, বড়াইগ্রাম, নাটোর

৭) উদ্যোক্তা, .....................ইউনিয়ন/পৌরসভা ডিজিটাল সেন্টার, বড়াইগ্রাম, নাটোর

আব্দুর রহমান আনসারী
সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব উপজেলা
আইসিটি কমিটি, বড়াইগ্রাম,নাটোর